মাদ্রাসা শিক্ষা বোর্ড

জেডিসি পরীক্ষায় পাসের হার ৯১.১১ ভাগ

যুগান্তর রিপোর্ট

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড ঢাকায় ২০১৩ সালের জেডিসি পরীক্ষার ফলাফল প কাশিত হয়েছে। এবার জেডিসি পরীক্ষায় পাসের হার ৯১.১১ ভাগ। জিপিএ-৫ পেয়েছে ১৯ হাজার ২১১ জন। রোববার বঙ্গভবনে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এ ফলাফল ঘোষণা করেন। পরীক্ষায় ফলাফলে কোনো ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তা অবশ্যই ফল প্রকাশের দিন থেকে ৩০ দিনের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর লিখিতভাবে জানাতে হবে। এ পরীক্ষায় মোট পরীক্ষার্থী ছিল ৩ লাখ ১৫ হাজার ৬২০ জন। এর মধ্যে ছাত্রের সংখ্যা এক লাখ ৪৯ হাজার ৪৪৪ জন এবং ছাত্রীর সংখ্যা ছিল ১ লাখ ৬৬ হাজার ১৭৬ জন। উপস্থিত পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৩ লাখ ১৩ হাজার ৬৮৩ জন। এর মধ্যে ছাত্রের সংখ্যা ছিল এক লাখ ৪৮ হাজার ৩৬২ জন এবং ছাত্রীর সংখ্যা এক লাখ ৬৫ হাজার ৩১৯ জন। মোট উত্তীর্ণ পরীক্ষার্থীর সংখ্যা ৩ লাখ ৮৫ হাজার ৭৯৬ জন। এর মধ্যে ছাত্র এক লাখ ৩৫ হাজার ৭০৫ জন। ছাত্রীর সংখ্যা হচ্ছে এক লাখ ৫০ হাজার ৯১ জন। ছাত্রদের পাসের হার ৯১.৪৭ ভাগ এবং ছাত্রীদের পাসের হার ৯০.৭৯ ভাগ। জেডিসি পরীক্ষায় মোট জিপিএ-৫ পেয়েছে ১৯ হাজার ২১১ জন। শতকরা হিসেবে এর হার ৬.১২ ভাগ। এর মধ্যে ছাত্রের সংখ্যা হচ্ছে ৯ হাজার ৭৬২ জন এবং ছাত্রীর সংখ্যা ৯ হাজার ৪৪৯ জন। জিপিএ-৪ থেকে ৫-এর নিচে পেয়েছে এক লাখ ৯ হাজার ২৯১ জন। এর মধ্যে ছাত্র ৫০ হাজার ৬৪০ জন এবং ছাত্রী ৫৮ হাজার ৬৫১ জন। ৩.৫ থেকে ৪-এর নিচ পর্যন্ত জিপিএ পেয়েছে ৬৮ হাজার ৭৬৫ জন। এর মধ্যে ছাত্র ৩৩ হাজার ১০৭ জন এবং ছাত্রীর সংখ্যা ৩৫ হাজার ৬৫৮ জন। ৩ থেকে ৩.৫-এর নিচে জিপিএ পেয়েছে ৪৬ হাজার ৮০৫ জন। এর মধ্যে ছাত্র হচ্ছে ২২ হাজার ৫৬০ জন এবং ছাত্রীর সংখ্যা হচ্ছে ২৪ হাজার ২৪৫ জন। জিপিএ-২ থেকে ৩-এর নিচে পেয়েছে ৩৭ হাজার ২২১ জন।